

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গংগাচড়া, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫২৭.০০০.১০.০০২.২৩-৭২৪

তারিখ : ২৪/০৮/২০২৩ খ্রি.

“নিলাম বিজ্ঞপ্তি”


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর জেলার গংগাচড়া উপজেলার গজঘটা ইউনিয়নের খারুভাজ বিলের নাব্যতা রক্ষার্থে খননের ফলে উত্তোলিত বালু মাটি নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিবর্গকে আগামী ০৪/০৯/২০২৩ তারিখে রোজ সোমবার সকাল ১০:৩০ ঘটিকার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গংগাচড়া, রংপুর এর কার্যালয়ে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। আগ্রহী ব্যক্তিবর্গ নিলাম ডাকে বিল খননের ফলে উত্তোলিত বালু দেখে নিতে পারবেন। নিলাম ডাকের পরে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

নিলাম ডাকের শর্তাবলী

০১. নিলাম ডাকের পূর্বে (সকাল ১০:৩০ ঘটিকার মধ্যে) ডাককারীদের প্রত্যেককে নিলাম ডাক পরিচালনাকারী কর্মকর্তার নিকট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জমা প্রদান সাপেক্ষে নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন। অন্যথায় নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।
০২. নিলাম ডাক শেষে সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় টাকা এবং উক্ত টাকার উপর সরকারী রাজস্ব ৫% আয়কর ১০%, স্ট্যাম্প ১৫% এবং জামানত সহ সমুদয় টাকা তাৎক্ষণিক ভাবে নিলাম ডাক পরিচালনাকারী কর্মকর্তার নিকট জমা প্রদান করতে হবে। অন্যথায় তার ডাক বাতিল সহ জামানত বাতিল বলে গণ্য করা হবে। সফল নিলাম ডাককারী কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর বালু/মাটি অপসারণের সময় জনসাধারণের কোন ক্ষতি করলে কিংবা নিলামের শর্তভঙ্গ করলে তা ঐ জামানত হতে পরিশোধ করা হবে এবং বালু/মাটি অপসারণের পর সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে প্রতিবেদন পাওয়ার পর জামানত ফেরৎ প্রদান করা হবে।
০৩. অকৃতকার্য ডাককারীদের ডাক শেষে জমাকৃত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।
০৪. নিলামের সমুদয় অর্থ পরিশোধের পর কার্যাদেশ প্রাপ্তির দিন হতে সমুদয় বালু ০৭ (সাত) দিনের মধ্যে উত্তোলিত বালুর নির্ধারিত লট হতে সরিয়ে নিতে হবে। নির্ধারিত লট ব্যতীত লটের সীমানার বাহিরে কোন প্রকার বালু সংগ্রহ করা যাবে না।
০৫. নিলাম ডাককারীকে বালু/মাটির বাস্তব মজুদ পরিদর্শন করে নিলামে অংশগ্রহণ করতে হবে। নিলাম শেষে মজুদ সম্পর্কিত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
০৬. বালু পরিবহন কার্যক্রমের ফলে বীধ, রাস্তা, ব্রিজ, কালবার্ট, গুরুত্বপূর্ণ সরকারি/বেসরকারী স্থাপনার ক্ষতিসাধন করা যাবে না।
০৭. বালু পরিবহনকালে অবশ্যই ঢেকে (কাভার) পরিবহন করতে হবে। রাত্রে বালু পরিবহন করা যাবে না।
০৮. নিলামের শর্তসমূহ নিলাম কর্তৃপক্ষ কোন প্রকার পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই পরিবর্তন করতে পারবেন।
০৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম পরিচালনাকারী কর্মকর্তা নিলাম ডাক/সর্বোচ্চ ডাককারীর ডাক/সমুদয় ডাক অনুমোদন অথবা বাতিল করতে পারবেন।
১০. নিলামকৃত বালু কার্যাদেশ প্রাপ্তির দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে সংগ্রহ করতে হবে। ০৭ (সাত) দিনের পর কোনভাবেই বালু সংগ্রহ করা যাবে না। এক্ষেত্রে কোনধরনের আবেদন বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

নিলামের স্থানঃ

ক্র: নং	খনন কাজের নাম	স্টককৃত বালু/মাটির অবস্থান (উপজেলা, ইউনিয়ন, গ্রাম/মহল্লা)	অবস্থান	স্টক কৃত বালু/মাটির (ঘন মিটার) এফ এম ০.৫০
১	কাজের নাম: রংপুর জেলার গংগাচড়া উপজেলার গজঘটা ইউনিয়নের খারুভাজ বিলের নাব্যতা রক্ষার্থে খননকাজ।	ইউনিয়ন: গজঘটা উপজেলা: গংগাচড়া জেলা: রংপুর	রংপুর জেলার গংগাচড়া উপজেলার গজঘটা ইউনিয়নের খারুভাজ বিল	১৮১০.৯৪


২৪.০৮.২০২৩
(মাহিদ উদ্দিন)

উপজেলা নির্বাহী অফিসার
গংগাচড়া, রংপুর।